



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

‘আন্তঃবিশ্ববিদ্যালয় ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৭-১৮’



‘আন্তঃবিশ্ববিদ্যালয় ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৭-১৮’-এর ক্যারাম ও ব্যাডমিন্টন খেলার পুরস্কার বিতরণী ও প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠিত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের আয়োজনে ‘আন্তঃবিশ্ববিদ্যালয় ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৭-১৮’-এর তৃতীয় দিনে ২৭ জানুয়ারি-২০১৮, শনিবার বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে ক্যারাম ও ব্যাডমিন্টন খেলার পুরস্কার বিতরণীর মাধ্যমে তিন দিনব্যাপী (২৫, ২৬ ও ২৭ জানুয়ারি) প্রতিযোগিতার সমাপনী অনুষ্ঠিত হয়।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



প্রতিযোগিতার প্রধান পৃষ্ঠপোষক ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান পুরস্কার বিতরণী অনুষ্ঠানে বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেন এবং অনুষ্ঠান শেষে প্রতিযোগিতার সমাপ্তি ঘোষণা করেন।

ক্যারাম-ছাত্র ক্যাটাগরিতে দলগতভাবে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) দল চ্যাম্পিয়ন, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দল রানার্স আপ এবং কুমিল্লা বিশ্ববিদ্যালয় দল তৃতীয় স্থান অধিকার করে। এছাড়া ক্যারাম-ছাত্রী ক্যাটাগরিতে দলগতভাবে সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দল চ্যাম্পিয়ন, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় দল রানার্স আপ এবং জাতীয় বিশ্ববিদ্যালয় দল তৃতীয় স্থান অধিকার করে।

অন্যদিকে, ব্যাডমিন্টন-ছাত্র ক্যাটাগরিতে যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দল চ্যাম্পিয়ন, রাজশাহী বিশ্ববিদ্যালয় দল রানার্স আপ, হাজী দানেশ বিজ্ঞান ও



# জগন্নাথ বিশ্ববিদ্যালয় Jagannath University

প্রযুক্তি বিশ্ববিদ্যালয় দল তৃতীয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় দল চতুর্থ স্থান অধিকার করে। এছাড়া ব্যাডমিন্টন-ছাত্রী ক্যাটাগরিতে ইসলামী বিশ্ববিদ্যালয় (কুষ্টিয়া) দল চ্যাম্পিয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয় দল রানার্স আপ, রাজশাহী বিশ্ববিদ্যালয় দল তৃতীয় এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় দল চতুর্থ স্থান অধিকার করে।

এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্রীড়া কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. মোঃ আলী নূর, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক আশরাফুজ্জামান, সিলেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ মহসিন আজিজ প্রমুখ বক্তব্য প্রদান করেন। এসময় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও ক্রীড়া কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ক্যারাম খেলাসমূহ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের নীচতলায় স্পোর্টস গ্রাউন্ডে এবং ব্যাডমিন্টন খেলাসমূহ শহীদ তাজউদ্দিন আহম্মেদ ইনডোর জিমনেসিয়ামে (পল্টন, ঢাকা) অনুষ্ঠিত হয়। ক্যারাম ছাত্র ক্যাটাগরিতে ৫৩ জন, ক্যারাম ছাত্রী ক্যাটাগরিতে ৪৩ জন অংশগ্রহণ, ব্যাডমিন্টন ছাত্র ক্যাটাগরিতে ৯১ জন এবং ব্যাডমিন্টন ছাত্রী ক্যাটাগরিতে ৬০ জন অংশগ্রহণ করে।

উল্লেখ্য গতকাল (২৬ জানুয়ারি-২০১৮, শুক্রবার) দাবা ও টেবিল টেনিস খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। দাবা খেলায় বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) দল চ্যাম্পিয়ন, জাতীয় বিশ্ববিদ্যালয় দল রানার্স আপ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় দল তৃতীয় স্থান অধিকার করে। টেবিল টেনিস-ছাত্রী ক্যাটাগরিতে জাতীয় বিশ্ববিদ্যালয় দল চ্যাম্পিয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয় দল রানার্স আপ এবং জাহাঙ্গীনগর বিশ্ববিদ্যালয় দল তৃতীয় স্থান অধিকার করে। টেবিল টেনিস-ছাত্র ক্যাটাগরিতে জাতীয় বিশ্ববিদ্যালয় দল চ্যাম্পিয়ন, বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট) দল রানার্স আপ এবং ঢাকা বিশ্ববিদ্যালয় দল তৃতীয় স্থান অধিকার করে।

উল্লেখ্য, আন্তঃবিশ্ববিদ্যালয় ইনডোর গেমস প্রতিযোগিতা ২০১৭-১৮-এ বাংলাদেশের ২৫টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের ৪৬২ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছিল। প্রতিযোগিতায় সহযোগী হিসেবে ছিল বাংলাদেশ টেবিল টেনিস ফেডারেশন, বাংলাদেশ ব্যাডমিন্টন ফেডারেশন, বাংলাদেশ দাবা ফেডারেশন, বাংলাদেশ ক্যারাম ফেডারেশন, ঢাকা বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ।